গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব ও সভাপতি, নৈতিকতা কমিটি, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ৩০ জুন ২০২২ খ্রি, বৃহস্পতিবার, বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান/মাধ্যম | : | জুম প্লাটফর্ম। |

**সভার আলোচনা:**

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি বলেন যে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যক্তি পর্যায়ে ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার চর্চা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাতিষ্ঠানিক ও জাতীয় পর্যায়ে শুদ্ধাচার নিশ্চিতকরণের অন্যতম পূর্বশর্ত হল ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচারী হওয়া। সাধারণ জনগণের নিকট তাদের কাঙ্খিত সেবা পৌঁছে দেওয়া নিশ্চিত করার লক্ষ্যে আমাদের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যকর ভূমিকা সবচেয়ে বেশি। আর এটি নিশ্চিতকরণে শুদ্ধাচার চর্চা ও বাস্তবায়ন অন্যতম সহায়ক ভূমিকা পালন করে থাকে। শুদ্ধাচার চর্চা একটি ধারাবাহিক প্রক্রিয়া, যার উৎকর্ষতার জন্য প্রতিদিন প্রতিনিয়ত প্রচেষ্টা চালাতে হয়। আমরা আজকের চেয়ে আগামীকাল অধিকতর ভালো কর্মদক্ষতা (Performance) দেখাব, এ অনুভূতি বা মিশন নিয়ে সবাই কাজ করব। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান।

২. সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ড. মলয় চৌধুরী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৮ মার্চ ২০২২ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ এ বিভাগের আওতাধীন দপ্তর-সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা করা হবে। তিনি বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ উপস্থাপনসহ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (সিটি কর্পোরেশন-১) কে আহ্বান জানান।

৩. উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ শামছুল ইসলাম বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। পরবর্তীতে তিনি বিগত ৩য় ত্রৈমাসিক সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ জানান।

৪. খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব লস্কর তাজুল ইসলাম জানান, খুলনা সিটি কর্পোরেশনের ০১(এক)টি ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদানের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান পদ্ধতি চালু করার বিষয়ে সংশ্লিষ্ট টেকনিক্যাল পার্সনদের নিয়ে সভা করা হয়েছে। সভায় অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদানের ক্ষেত্রে সফট্ওয়ারে কাস্টমাইজেশন সংক্রান্ত সমস্যাগুলো চিহ্নিত করা হয়েছে এবং সেগুলো সমাধান করে শীঘ্রই সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদানসহ ট্রেড লাইসেন্স প্রদানের কার্যক্রম শুরু করা হবে। এ বিষয়ে তিনি জানান, স্টাফ লেভেলে অনীহা থাকায় তাদেরকে মোটিভেশন প্রদান করা হয়েছে।

৫. এ পর্যায়ে সভাপতি টেকনিক্যাল পার্সনসহ সংশ্লিষ্ট সকলের সাথে সুসমন্বয়ের মাধ্যমে সফটওয়্যারে সমস্যা সমাধানপূর্বক খুলনা সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে হোল্ডিং ট্যাক্স প্রদানসহ ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম অনলাইনে চালু করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৬. রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রুহুল আমিন জানান, এটুআই এবং ConnectBD এর কারিগরী সহযোগিতায় রংপুর সিটি কর্পোরেশনে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যায়ে সভাপতি স্টেকহোল্ডারদেরকে নিয়ে সভা/মতবিনিময় করা হয়েছিল কিনা তা জানতে চাইলে প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন ওয়ার্ড পর্যায়ে মতবিনিময় সভা করতে পারেননি মর্মে অবহিত করেন।

৭. স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী বলেন, অনলাইনে ট্রেড লাইসেন্স প্রদানের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের মাধ্যমে সফটওয়্যার ডেভেলপ করে ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ট্রেড লাইসেন্সের একটি অভিন্ন ফরমেট প্রস্তুত করে তা সিস্টেমে আপলোড করেছে। ভবিষ্যতে যে কোনো সময় প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি বা সংশোধনের সুবিধার্থে অন্যান্য সিটি কর্পোরেশনেও অভিন্ন ফরমেটে ট্রেড লাইসেন্স ফরম চালু করা যেতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।

৮. এ পরিপ্রেক্ষিতে সভাপতি এ বিভাগের নগর উন্নয়ন অনুবিভাগের পক্ষ হতে একটি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে সকল সিটি কর্পোরেশনে অভিন্ন ট্রেড লাইসেন্স/ই-ট্রেড লাইসেন্স ফরমেট প্রণয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৯. এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব আবু মোঃ মহিউদ্দিন কাদেরী নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় গৃহিত সকল দপ্তর/সংস্থার প্রকল্পের PSC এবং PIC সভা আয়োজন বিষয়ক সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানান, PIC সভা দপ্তর-সংস্থাগুলোই আয়োজন করে থাকে। অপরদিকে আওতাধীন দপ্তর-সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর লক্ষ্যমাত্রা অনুযায়ী PSC সভা এ বিভাগ কর্তৃক নিয়মিত আয়োজন করা হচ্ছে। সম্প্রতি সমাপ্ত হওয়া আরবান পাবলিক এনভায়রনমেন্টাল হেলথ্ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্পের যানবাহন পরিবহন পুলে জমা প্রদান করা হয়েছে। প্রকল্পের অন্যান্য সম্পদ যথা কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের একটি রুমে সংরক্ষণ করা হয়েছে যা যথাযথ নিয়মে হস্তান্তর হওয়া প্রয়োজন।

১০. ঢাকা ওয়াসা ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী এবং জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর মহাপরিচালক সভায় জানান, তাদের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল PSC এবং PIC সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে।

১১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব সেলিম রেজা জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিএনসিসির প্রকল্পসমূহের PSC এবং PIC সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত পূর্ত ও নির্মাণ কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন করে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হচ্ছে। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ যেমন-যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক যথাসময়ে জমা প্রদান করা হচ্ছে। সম্প্রতি সমাপ্ত হওয়া দু'টি প্রকল্পের প্রকল্প পরিচালকগণের সাথে যোগাযোগ করে সম্পদ হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করা হবে।

১২. জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের রেজিস্ট্রার জেনারেল জনাব পলাশ কান্তি বালা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অধিকাংশ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। কিন্তু জন্ম ও মৃত্যু নিবন্ধনের একটি প্রকল্পের PSC এবং PIC সভার লক্ষ্যমাত্রা এখনো পূরণ করা সম্ভব হয়নি। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও এ সংক্রান্ত বিধিমালা যুগোপযোগীকরণের লক্ষ্যে তা সংশোধনের বিষয়ে জানতে চাইলে তিনি জানান, আইন ও বিধিমালা সংশোধনের বিষয়ে ইতোমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা হতে প্রাপ্ত সংশোধনী প্রস্তাবগুলো আইন ও বিধিমালায় অন্তর্ভুক্ত করে সংশোধনী প্রস্তাব আগামী জুলাই ২০২২ মাসে এ বিভাগে প্রেরণ করা হবে এবং এ বিভাগের অনুমোদন সাপেক্ষে সংশোধিত আইন ও বিধিমালা জারি করা হবে। আগামী ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণে সিটি কর্পোরেশনসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম মনিটরিং জোরদার করা হবে মর্মে তিনি জানান।

১৩. উপসচিব (সিটি কর্পোরেশন-১) জানান, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৮ জুন ২০২২ তারিখে **বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২২** জারি করা হয়েছে। উক্ত নির্দেশিকার কপি ইতোমধ্যে সকল সিটি কর্পোরেশনে প্রেরণ করা হয়েছে। নির্দেশিকাটি পুস্তক আকারে প্রকাশ করার জন্য এ বিভাগের পলিসি সাপোর্ট অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ সভায় উপস্থাপন করে এ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ জানান।

১৪. এ বিভাগের যুগ্মসচিব (অডিট) জনাব নাজমুল সিদ্দিকী সভায় জানান, এ বিভাগের অডিট আপত্তিগুলো ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে। আওতাধীন দপ্তর-সংস্থার অডিট আপত্তিগুলোও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১৫. এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন, অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো নিষ্পন্ন করার লক্ষ্যে একটি কর্মপরিকল্পনার মাধ্যমে ক্রাশ প্রোগ্রামের আওতায় ত্রিপক্ষীয় সভা আয়োজনপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। এক্ষেত্রে গুরুত্ব নিশ্চিতকরণসহ দীর্ঘদিনের অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো নিষ্পন্ন করা যেতে পারে।

১৬. এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব স্মৃতি কর্মকার জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩.১ ক্রমিকের কার্যক্রম অনুযায়ী বাস্তবায়নাধীন/বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের গুণগতমান নিশ্চিতকরণ ও মনিটরিংয়ের লক্ষ্যে এমআইএস সফট্ওয়্যার প্রবর্তন করা হয়েছে এবং এতে প্রতিনিয়ত তথ্য আপডেট হচ্ছে। এমআইএস সিস্টেমে নিয়মিত তথ্য ইনপুট দেওয়ার জন্য এলজিইডি ও ডিপিএইচইসহ সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়েছে।

১৭. যুগ্মসচিব (পলিসি সাপোর্ট) জনাব নুমেরী জামান সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩.৪ ক্রমিকের কার্যক্রম অনুযায়ী National Operation & Maintenance guideline for water & sanitation sector চূড়ান্ত করা হয়েছে। এ বিভাগের অনুমোদন সাপেক্ষে গাইডলাইনটি ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে।

১৮. সভাপতি বলেন, প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর-সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। এডিপিভুক্ত প্রকল্পগুলো বাস্তবায়নে যথাযথভাবে সমন্বয় ও মনিটরিং নিশ্চিত করতে হবে। সকল উন্নয়ন কাজ বাস্তবায়নে কোয়ালিটি নিশ্চিত করতে হবে। তিনি সকলকে নিজ নিজ অবস্থানে থেকে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনপূর্বক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান।

১৯। **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর তাতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়। | -- |
| ২। | খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক টেকনিক্যাল পার্সনসহ সংশ্লিষ্ট সকলের সাথে সুসমন্বয়ের মাধ্যমে সফটওয়্যারে সমস্যা সমাধানপূর্বক সকল ওয়ার্ডে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম অনলাইনে চালু করতে হবে। | খুলনা সিটি কর্পোরেশন |
| ৩। | রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদেরকে নিয়ে মতবিনিময়ের মাধ্যমে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। | রংপুর সিটি কর্পোরেশন |
| ৪। | অভিন্ন ট্রেড লাইসেন্স/ই-ট্রেড লাইসেন্স এর একটি অভিন্ন ফরমেট প্রণয়নের লক্ষ্যে সকল সিটি কর্পোরেশনসহ স্টেকহোল্ডারদের অংশগ্রহণে একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ৫। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর-সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। | (১) পরিকল্পনা অধিশাখা<br>(২) শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো নিষ্পন্ন করার লক্ষ্যে একটি কর্মপরিকল্পনার মাধ্যমে ক্রাশ প্রোগ্রামের আওতায় ত্রিপক্ষীয় সভা আয়োজনপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। এক্ষেত্রে গুরুত্ব নিশ্চিতকরণসহ দীর্ঘদিনের অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো নিষ্পত্তি করতে হবে। | (১) অডিট অধিশাখা<br>(২) দপ্তর-সংস্থার প্রধান (সকল) |
| ৭। | এডিপিভুক্ত প্রকল্পসহ সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে যথাযথভাবে সমন্বয় ও মনিটরিং নিশ্চিত করতে হবে। | (১) দপ্তর-সংস্থার প্রধান (সকল)<br>(২) মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা |

২০। পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ:
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-৭৯২(১/৪০)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/সিলেট/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/গাজীপুর/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

০৬.০৭.২০২২

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd